# Times Today BD

রকিবুল হাসান রকি | দেশজুড়ে | 06 May, 2025

রাজশাহীর পুঠিয়ায় লুৎফর রহমান ও তার জামাই মহন মণ্ডলসহ তার পরিবারের সদস্যদের মারধরে পল্লী চিকিৎসক নীলু ডাক্তার (৫০) নিহত হয়েছে।আজ মঙ্গলবার সকাল আটটার সময় রামেক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।

নিহত ও হামলাকারীদের বাড়ি পুঠিয়া সদরের শের পাড়ায়।পল্লী চিকিৎসক নীলু ডাক্তার পুঠিয়ার ঝলমলিয়ায় বাজারে রোগী দেখতেন।

নিহতের স্ত্রী পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য কর্মী জলি বেগম জানায়, গত ২৬ এপ্রিল সন্ধ্যায় তার স্বামী নীলু ডাক্তারের সাথে প্রতিবেশী লুৎফর রহমান ও তার জামাইয়ের সাথে কথা কাটাকাটি হয়।এক পর্যায়ে লুৎফর রহমান তার লোকজনকে ডেকে তার স্বামীকে লোহার রড ও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে।মারাত্মক আহত অবস্থায় তাকে ওইদিন রামেক হাসপাতালে ভর্তি করা হয়।চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার (৬ মে) সকাল আটটার দিকে সে মারা যায়।লাশের ময়না তদন্ত চলছে।বাড়িতে যাওয়ার পর আইনি ব্যবস্থা নেওয়া হবে জানান তিনি।

প্রতিবেশী কামাল হোসেন জানান, নীলু ডাক্তার মারা যাওয়ার খবর শুনে লুৎফর ও তার জামাই পরিবার নিয়ে আজ মঙ্গলবার সকালে বাড়ি ছেড়ে পালিয়ে গেছে।

পুঠিয়া থানার ওসি কবির হোসেন জানান, ডিবি পুলিশ সূত্রে ঘটনাটি জানতে পেরেছি।নিহতের পরিবারের লোকজন মামলার প্রস্তুতি নিচ্ছে। এর আগে গত ২৭ এপ্রিল নিহত ব্যক্তিকে মারধরের ঘটনায় একটি মামলাও করেছেন নিহতের পরিবার।

রাজশাহী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:48

URL: https://www.timestodaybd.com/across-the-country/2016775807